

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
সেগুনবাগিচা, ঢাকা।  
(কর প্রশাসন-২ শাখা)  
[www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০২০.০৫.০০২.১৮/


তারিখঃ ২৬ আষাঢ়, ১৪২৫  
১০ জুলাই, ২০১৮

অফিস আদেশ

জনাব নাসরিন বেগম, কর পরিদর্শক, সার্কেল-৩১৬ (কোম্পানীজ), কর অঞ্চল-১৫, ঢাকা এর অনুকূলে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১)(২)(বি) বিধি মোতাবেক নিম্নোক্ত শর্ত পরিপালন সাপেক্ষে পবিত্র হজ্জ পালনের উদ্দেশ্যে সৌদি আরবে ভ্রমণের জন্য ১০/০৭/২০১৮ খ্রিঃ হতে ৪৫(পঁয়তাল্লিশ) দিন অথবা ছুটি ভোগের তারিখ হতে ৪৫(পঁয়তাল্লিশ) দিন বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর করা হলো।

- (ক) ছুটি ভোগের ক্ষেত্রে Bangladesh Service Rule (B.S.R) (Part-১) এর Appendix-viii এর Rule-৩৪ এর সংশ্লিষ্ট বিধান প্রযোজ্য হবে।
- (খ) এ ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- (গ) ভ্রমণকালীন সময়ে তিনি দেশীয় মুদ্রায় তাঁর বেতন ভাতাদি গ্রহণ করবেন।
- (ঘ) বিদেশে অবস্থানকালীন সময়ে তিনি সংশ্লিষ্ট দেশস্থ বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন/মিশন/কনসুলার জেনারেলের অফিস/উপ হাই কমিশনার অফিসের সাথে যোগাযোগ রাখবেন এবং তাঁর বিদেশে অবস্থানকালীন ঠিকানা সম্পর্কে অবহিত করবেন এবং
- (ঙ) ভ্রমণ শেষে যথাসময়ে তিনি দেশে প্রত্যবর্তন করে নিজ কর্মস্থলে যোগদান করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

  
(উম্মে সালমা আক্তার খানম)  
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
সেগুনবাগিচা, ঢাকা।


স্মারক নম্বর-০৮.০১.০০০০.০২০.০৫.০০২.১৮/২১৬(২)

তারিখঃ ২৬ আষাঢ়, ১৪২৫  
১০ জুলাই, ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ০১। কর কমিশনার, কর অঞ্চল-১৫, ঢাকা।
- ০২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।
- ০৫। জনাব নাসরিন বেগম, কর পরিদর্শক, সার্কেল-৩১৬ (কোম্পানীজ), কর অঞ্চল-১৫, ঢাকা।
- ০৬। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) এর ব্যক্তিগত সহকারী, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।



  
(উম্মে সালমা আক্তার খানম)  
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)

